

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং- ৪৩৪

তারিখঃ ৩০/০৭/২২

প্রাপক,

মেসার্স ..... বিসিআইসি/বিএডিসি সার ডিলার,  
হাজীগঞ্জ, চাঁদপুর।

বিষয়ঃ সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সার উত্তোলন মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৩২৭৩(৮৫) তারিখ- ২৬/০৭/২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সার উত্তোলন মনিটরিং কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াবলী যথাযথ বাস্তবায়ন ও অনুসরণের জন্য বলা হলো।

০১) সকল প্রকার রাসায়নিক সার সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় করতে হবে। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ডিলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে।

০২) বরাদ্দকৃত যে কোন রাসায়নিক সার ডিলারের গুদামে পৌঁছার ২৪ ঘণ্টার মধ্যে চালান ও ট্রাক চালানোর কপিসহ নিজস্ব প্যাডে আগমনী বার্তা উপজেলা কৃষি অফিসে দাখিল করতে হবে। যথাসময়ে আগমনী বার্তা দাখিল না করার কারণে উর্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণে কোন বিঘ্ন সৃষ্টি হলে সংশ্লিষ্ট ডিলার দায়ী থাকবেন।

০৩) অনেক সময় দেখা যায় ডিলারগণ নন ইউরিয়া সারের ক্ষেত্রে বরাদ্দকৃত সার উত্তোলনে কাল ক্ষেপন করেন, যা সম্পূর্ণরূপে বিধি বহির্ভূত। বরাদ্দ পাওয়ার সাথে সাথেই সরবরাহকারী প্রতিষ্ঠান/আমদানীকারকের মজুদ পরিস্থিতি অনুযায়ী যথাসম্ভব দ্রুত সার উত্তোলন পূর্বক আগমনী বার্তা দাখিল করতে হবে।

০৪) সার সংরক্ষণ, বিতরণ ও বিক্রয় ইত্যাদি প্রক্রিয়ায় কোন রকম অনিয়ম পরিলক্ষিত হলে "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর অনুচ্ছেদ-১২ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫) প্রতিদিনের সারের মজুদ পরিস্থিতি নিম্নোক্ত ছক মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর অফিসকে অবহিত করতে হবে। ডিলার কর্তৃক উক্ত প্রতিবেদনে প্রেরণে বিলম্ব জনিত কারণে উর্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণে কোন বিঘ্ন সৃষ্টি হলে সংশ্লিষ্ট ডিলার দায়ী থাকবেন।

তারিখ	ইউরিয়া				টি এস পি				ডি এ পি				এমও পি			
	পূর্ব মজুদ	নতুন উত্তোলন	বিক্রয়	বর্তমান মজুদ	পূর্ব মজুদ	নতুন উত্তোলন	বিক্রয়	বর্তমান মজুদ	পূর্ব মজুদ	নতুন উত্তোলন	বিক্রয়	বর্তমান মজুদ	পূর্ব মজুদ	নতুন উত্তোলন	বিক্রয়	বর্তমান মজুদ

  
(দিলরুবা হাশিম)

উপজেলা কৃষি অফিসার  
হাজীগঞ্জ, চাঁদপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, চাঁদপুর।

০২। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।

কার্যার্থে-

০১। কৃষি সম্প্রসারণ অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।